বারীরাহ ও তার স্বামীর ঘটনার হাদীস

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফূ‘ সনদে বর্ণিত: বারীরাহ ও তার স্বামীর
ঘটনায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, “যদি তুমি তার কাছে ফিরে যেতে” সে বলল, হে আল্লাহর রাসূল! আপনি কি আমাকে আদেশ দিচ্ছেন? বলল, “আমি কেবল সুপারিশ করছি” সে বলল, তার মধ্যে আমার কোনো প্রয়োজন নেই। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

বারীরাহ রাদিয়াল্লাহু ‘আনহার স্বামী একজন ক্রীতদাস ছিল। তাকে মুগীস (রাদিয়াল্লাহু আনহু) বলা হতো। ক্রয়ের আগে বারীরাহ রাদিয়াল্লাহু আনহা আয়েশা রাদিয়াল্লাহু আনহার খিদমত করতেন। যখন আয়েশা রাদিয়াল্লাহু আনহা তাকে ক্রয় করে আযাদ করে দিলেন, আর বারীরাহকে স্বাধীনতা দেওয়া হলো যে, ইচ্ছা করলে সে মুগীসের সাথে থাকতে পারবে অথবা তার সাথে সম্পর্ক বিচ্ছিন্ন করতে পারবে, তখন বারীরাহ (রাদিয়াল্লাহু আনহা) তার সাথে সম্পর্ক বিচ্ছিন্ন করলো। ফলে মুগীস এ পারিবারিক বিচ্ছিন্নতার কারণে মদীনার অলি-গলি ও রাস্তায় বারীরার পিছু পিছু ঘুরতে লাগল। বারীরার প্রতি তার ভালোবাসা প্রকট হওয়াতে অনবরত তার চোখের পানি দাড়ির উপর দিয়ে প্রবাহিত হতে থাকত যাতে সে তার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে এবং তার কাছে ফিরে আসে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বারীরাহ রাদিয়াল্লাহু আনহাকে বললেন, “যদি তুমি তার কাছে ফিরে যেতে (তাহলে তোমার সাওয়াব হতো)”। বারীরাহ রাদিয়াল্লাহু আনহা বললেন, হে আল্লাহর রাসূল! আপনি কি আমাকে তার কাছে ফিরে যাওয়ার বাধ্যতামূলক আদেশ দিচ্ছেন? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “আমি কেবল তার জন্য মধ্যস্থতা করছি”। সে বলল, তার কাছে ফিরে যাওয়ার মধ্যে আমার কোনো উদ্দেশ্য ও আগ্রহ নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/3741